গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চট্টগ্রাম বন্দর অধিশাখা
(www.mos.gov.bd)

বিষয়: চট্টগ্রাম বন্দর, মোংলা বন্দর, বেনাপোল স্থলবন্দর ও ভোমরা স্থলবন্দর সর্বোত্তম ব্যবহার এবং সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা অফিস খোলা রেখে পণ্যহ্যান্ডলিং নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দরে কর্মরত সকল স্টেকহোল্ডারের কার্যক্রম সমন্বয়ের জন্য গঠিত জাতীয় মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৬-০৪-২০১৮ খ্রিঃ, |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-'ক'-দ্রষ্টব্য। |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উল্লেখ করেন, চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দর সপ্তাহে ০৭(সাত) দিন ২৪ ঘন্টা খোলা রাখার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দর সর্বোত্তম ব্যবহার এবং সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা অফিস খোলা রেখে পণ্যহ্যান্ডলিং নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দরে কর্মরত সকল স্টেকহোল্ডারের কার্যক্রম সমন্বয়ের জন্য গত ৫-১১-২০১৭ তারিখ জাতীয় মনিটরিং কমিটি গঠিত হয়। আজ এ কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হচ্ছে। সভার আলোচ্যসূচি নিম্নরূপ ঃ

(১) চট্টগ্রাম বন্দর, মোংলা বন্দর, বেনাপোল স্থলবন্দর ও ভোমরা স্থলবন্দর সপ্তাহে ৭(সাত) দিন ২৪ ঘন্টা খোলা রেখে বন্দরের কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি নিশ্চিতকরণ।

(২) সকল প্রকার কর পরিশোধের পর সপ্তাহে ৭(সাত) দিন ২৪ ঘন্টা অফিস খোলা রেখে কাস্টমস্ কর্তৃক দ্রুত পেপার /রেকর্ডপত্র ছাড় নিশ্চিতকরণ।

(৩) চট্টগ্রাম বন্দর, মোংলা বন্দর, বেনাপোল স্থলবন্দর ও ভোমরা স্থলবন্দরের নিলামযোগ্য মালামাল দ্রুত নিস্পত্তিকরণ।

(৪) কর পরিশোধের সুবিধার্থে বন্দর এলাকায় ব্যাংকের শাখাসমূহ সপ্তাহে ৭(সাত) দিন ২৪ ঘন্টা খোলা রাখা নিশ্চিতকরণ।

(৫) অন্যান্য সরকারি বিভাগসমূহ (যেমনঃ কৃষি, প্রাণিসম্পদ, মৎস্য, বিএসটিআই, আনবিক শক্তি কমিশন) ছাড়পত্র প্রদানের জন্য সপ্তাহে ৭(সাত) দিন ২৪ ঘন্টা খোলা রাখা নিশ্চিতকরণ।

(৬) মালামাল ছাড়করণের জন্য ডেলিভারি অর্ডার প্রাপ্তির পর বন্দর পোর্টচার্জ আদায় করে মালামাল খালাস করার জন্য বন্দর সপ্তাহে ৭(সাত) দিন ২৪ ঘন্টা খোলা রাখার বিষয়ে চবক কর্তৃক কার্যক্রম গ্রহণ।

(৭) বন্দর থেকে মালামাল খালাসের পর দিনে সপ্তাহে ৭(সাত) দিন ২৪ ঘন্টা মালামালের প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

২। সভাপতি কর্তৃক চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দর সপ্তাহে ৭(সাত) দিন ২৪ ঘন্টা অফিস খোলা রাখার সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতির বিষয়টি সভায় অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়।

৩। এ প্রসংগে এফবিসিসিআইয়ের পরিচালক জনাব মোঃ হাবিবুল্লাহ ডন সভায় অবহিত করেন, চট্টগ্রাম বন্দরে ব্যাংকসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা খোলা রাখার সিদ্ধান্তটি বাস্তবায়িত হয় নি। তিনি উল্লেখ করেন চট্টগ্রামের আগ্রাবাদ এলাকায় ২৪ ঘন্টা ব্যাংক খোলা রাখা হয় না। ফলে আমদানিকারণ ও রপ্তানিকারকগণ প্রায়শই প্রয়োজনের সময় পে-অর্ডার করতে পারেন না। এছাড়া, চট্টগ্রাম বন্দর এলাকায় কৃষি কোয়ারেন্টাইন স্টেশনে কৃষি অধিদপ্তরের উপযুক্ত কর্মকর্তা পদায়ন না হওয়ায় রিপোর্টের জন্য ঢাকায় প্রেরণ করতে হয়। ঢাকা থেকে প্রতিবেদন পেতে ৬/৭ দিন সময় লাগে। এতে আমদানি-রপ্তানি বাণিজ্য বাধাগ্রস্ত হয়। এ বিলম্ব প্রক্রিয়াটি দ্রুত সমাধান করা প্রয়োজন। তিনি আরও জানান, পৃথিবীর বিভিন্ন দেশে অনেকক্ষেত্রে নির্দিষ্ট শ্রেণির পণ্যবাহী কন্টেইনার কায়িক পরীক্ষা ছাড়াই পণ্য খালাস করা হয়। কিন্তু চট্টগ্রাম বন্দরে প্রয়োজনের অধিক পণ্য কায়িক পরীক্ষা করা হয় এবং এতে সময়ক্ষেপণ হয়। চট্টগ্রাম কাস্টমস হাউসে প্রয়োজনের তুলনায় স্ক্যানার সংখ্যা কম। শুল্কায়নে বিলম্ব এটিও একটি কারণ।

৪       চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ জানান, চট্টগ্রাম বন্দর সপ্তাহে ৭দিন ২৪ ঘন্টা খোলা থাকে। বন্দরের অভ্যন্তরে ব্যাংকের শাখাসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা খোলা থাকে এবং বন্দর কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় নিরাপত্তা বিধান করে থাকে। তিনি উল্লেখ করেন, বন্দরের বাইরে নিরাপত্তার বিষয়টি চিন্তা করে আমদানিকারকগণ মালামাল ডেলিভারি গ্রহণে অনাগ্রহী হয়ে থাকেন।

৫। বাংলাদেশ ব্যাংকের ডিজিএম জনাব মোঃ সিরাজুল ইসলাম জানান, নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে সন্ধ্যার পরে আগ্রাবাদ এলাকায় ব্যাংকের শাখাসমূহ খোলা রাখা সম্ভব হয় না। তবে বন্দর অভ্যন্তরে ব্যাংকের শাখাসমূহ যথারীতি খোলা থাকে। নিরাপত্তার বিষয়ে পুলিশ প্রশাসন থেকে নিশ্চয়তা পাওয়া গেলে রাত ১০.০০ টা পর্যন্ত আগ্রাবাদ এলাকায় ব্যাংকের শাখাসমূহ খোলা রাখা সম্ভব হবে।

৬।      জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব জনাব রইচউদ্দিন খান জানান, পণ্যের কায়িক পরীক্ষার পরিমাণ কমানোর জন্য জাতীয় রাজস্ব বোর্ডের প্রচেষ্টা অব্যাহত আছে। ভবিষ্যতে স্ক্যানারের সংখ্যা আরও বৃদ্ধির পরিকল্পনা রয়েছে। তিনি আরও উল্লেখ করেন, পণ্য নিরুপিত হওয়ার পরও কোন কোন ক্ষেত্রে সংশ্লিষ্ট অংশীজনদের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ না থাকায় পণ্য খালাসে বিলম্ব হয়।

৭।      বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান জানান, বেনাপোল স্থলবন্দরের জায়গার সংকট আছে। এখানে নিলামযোগ্য অনেক পণ্য রয়েছে। এগুলো দ্রুত খালাস/নিলাম করা প্রয়োজন। ভোমরা স্থলবন্দরে কাস্টমসের কার্যক্রম রাত ১০.০০ টা পর্যন্ত খোলা রাখা হলে বন্দরের কার্যক্রম আরও বৃদ্ধি পাবে।

৮।      এ প্রসংগে সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত বাস্তবায়নে বন্দরের সকল অংশীজনের সহযোগিতা অপরিহার্য। মোংলা বন্দরের কাস্টমস হাউজ খুলনায় থাকার কারণে পণ্য শুল্কায়নে সমস্যা হয়। মোংলা বন্দরের কাস্টমস হাউজ মোংলা বন্দর এলাকায় যাতে স্থানান্তরিত হয় সে বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে এবং বিভিন্ন বন্দরে নিলামযোগ্য সকল পণ্য জরুরিভিত্তিতে নিলাম করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের প্রতি আহ্বান জানান।

৯।      বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) কৃষি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণলায় চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দরে অবস্থিত কোয়ারেন্টাইন স্টেশনে প্রয়োজনীয় প্রযুক্তি স্থাপন ও উপযুক্ত কর্মকর্তা পদায়ন করে কোয়ারেন্টাইন রিপোর্ট দ্রুত জারি করবে।

(২) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ চট্টগ্রামের আগ্রাবাদ এলাকায় ব্যাংকের শাখাসমূহ সপ্তাহে ৭দিন ২৪ ঘন্টার স্থলে সপ্তাহে ৭দিন রাত ১০ টা পর্যন্ত খোলা রাখার বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ে একটি প্রস্তাব প্রেরণ করবে। উক্ত প্রস্তাব প্রাপ্তির পর তা অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হবে।

(৩) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক দ্রুত পণ্য খালাসে শুল্ক নিরুপণ কাজ ত্বরাণিত এবং নিলামযোগ্য পণ্য দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া, মোংলা বন্দরের শুল্ক নিরুপণের কাজ মোংলা বন্দর এলাকায় সম্পন্ন করবে। ভোমরা স্থলবন্দরে কাস্টমসের কার্যক্রম রাত ১০ টা পর্যন্ত খোলা রাখতে হবে।

১০।     অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার কাজ শেষ করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২১-৫-২০১৮
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২১.১৮.১২৮.১৮-২৩৮ তারিখঃ ২৪-০৫-২০১৮।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য:

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

২। সিনিয়র সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

৮। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।

১০। সচিব বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত থাকার অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/মোংলা বন্দর কর্তৃপক্ষ।

২। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কারওরান বাজার, ঢাকা।

৩। সদস্য (প্রশাসন ও পরিকল্পানা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৪। সদস্য (প্রশাসন ও উন্নয়ন), বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কারওরান বাজার, ঢাকা।

সভায় উপস্থিত থাকার অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা

২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন, ২৩/১ পান্থপথ, লিংকরোড, কাওরান বাজার, ঢাকা।

৩।সভাপতি, বিকেএমইএ, ১৩/৩ সোনারগাঁও রোড, পানার্স টাওয়ার (১৩ তলা), ঢাকা।

৪। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন,৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।

৫। সভাপতি, অফডক এসোশিয়েশন, ঢাকা।

৬। সভাপতি, বাংলাদেশ রিকন্ডিশনড ভেইক্যাল ইনপোর্ট এন্ড ডিলার (বারভিডা) এসোসিয়েশন, আকরাম টাওয়ার।

৭। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, স্টক একচেঞ্জ ভবন, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।

৮। সভাপতি ফ্রেইট ফরওয়াডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (বিএএফএফএ) আক্তারুজ্জামান সেন্টার (৭ম তলা), অগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

৯। টার্মিনাল ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা/পানগাঁও, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। অতিরিক্ত সচিব (বন্দর) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। যুগ্মসচিব (চবক) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

24/5/18

(মোঃ আবদুস ছাত্তার)
উপসচিব

পরিশিষ্ট-'ক'

চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দর সর্বোত্তম ব্যবহার এবং সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা অফিস খোলা রেখে পণ্যহ্যান্ডলিং নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দরে কর্মরত সকল স্টেকহোল্ডারের কার্যক্রম সমন্বয়ের জন্য গঠিত জাতীয় মনিটরিং কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্ত্রণালয় দপ্তর/সংস্থা | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মো: মাহমুদ [illegible] অতি: সচিব | MOS | 01731080154 | 25.8.18 |
| ২। | তপন কুমার চক্রবর্তী চেয়ারম্যান | বাস্থবক | ০১৭১১৫৩৮৮-৫১ | ২৬/৮/১৮ |
| ৩। | মো: মিজানুল কুদ্দুস [illegible] অতি: সচিব - | নৌপরি- | ০১৭১১ ০১২৩১২ | ২৬.৮.১৮ |
| ৪। | কমান্ডার জুলফিকার [illegible] সদস্য | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ০১৭১৫৭৫১৫৫৬ | ২৬/৮/২০১৮ |
| ৫। | কমান্ডার [illegible] হাসান | মোংলা বন্দ:, | ০১৭১৬৮০১১৭০ | |
| ৬। | বলাই কৃষ্ণ হাজরা যুগ্ম-সচিব | কৃষি মন্ত্রণালয় | ০১৭৫৩৫০৮৮৮৮ | ২৬/৮/১৮ |
| ৭। | কাজী আশরাফ উদ্দীন যুগ্মসচিব | LGD | 01716033428 | 26.4.18 |
| ৮। | মোসা: মোমেনা মনি উপসচিব | অর্থ বিভাগ | 01712-205975 | 26/8/18 |
| ৯। | মো. সিরাজুল ইসলাম ডিজিএম | বাংলাদেশ ব্যাংক | 01711060404 | ২৬/৮/১৮ |
| ১০। | মোহাম্মদ [illegible] সিদ্দিকী উপসচিব | জননিরাপত্তা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয় | 01712559228 | ২৬/৮/১৮ |
| ১১। | [illegible] রফিক উদ্দিন খান প্রথম সচিব | NBR | 01711935785 | ২৬/০৮/১৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২। | মোঃ আরিফুল হক অতিরিক্ত সচিব | মোংলা বন্দর কর্তৃপক্ষ | 01673903179 | [signature] |
| ১৩। | মোঃ মামুন কবীর [illegible] উপ-পরিচালক (ট্রাফিক) | বাস্তুবক | 01716-592936 | [signature] ২৫/০৮/১৫ |
| ১৪। | মোঃ মাহবুব মোরশেদ চৌধুরী চীফ ম্যানেজার | চবক | ০১৮২০৫৭৫৫৩৪ | [signature] |
| ১৫। | মোস্তাফিজুর [illegible] | BKMEA Director | 01911321369. | [signature] |
| ১৬। | রাকিব হাসান | BKMEA গবেষক | 01717220522 | Rakib |
| ১৭। | গোলাম [illegible] পরিচালক (প্রশাসন) | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | 01554328908 | [signature] |
| ১৮। | গোলাম মোঃ আনোয়ারুল ইসলাম টার্মিনাল ম্যানেজার | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | 01733556362 | [signature] |
| ১৯। | এ, এস, এম, [illegible] আহমেদ যুগ্মসচিব | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | 01713040862 ktm_i@yahoo.com | [signature] 26.08-2015 |
| ২০। | মামুনুর রশিদ খলিলী যুগ্মসচিব | নৌপরিবহন মন্ত্রণালয় | ০১৭৮৫২২৫১২৯ MAMUN1982@YAHOO.COM | [signature] |
| ২১। | মোঃ হাবিব উল্লাহ ডন | পরিচালক এফবিসিসিআই | ০১৭১৩০০৯১২৯ | [signature] |
| ২২। | এ, কে, এম আজহারুল হোসেন | সভাপতি [illegible] | ০১৯১১৯২০৫৭৫ | [signature] |
| ২৩। | মামুনুর রহমান | যুগ্মসচিব FBCCI | 01711-803131 | [signature] |
| ২৪। | মো: আবুল হাসেম উপসচিব | নৌ-পম | 01748602969 | [signature] ২৫/৮/১৫ |
| ২৫। | KABIR AHMED Director BAFFA | BAFFA | 01552111111 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬। | মো: মাহফুজুর রহমান<br>সি: সহ: সচিব | বিজিএমইএ | 01817-044673.<br>info@bgmea.com.bd | [signature] 26/4/18 |
| ২৭। | মো: আরিফুর রহমান<br>উপসচিব | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | 01733517999<br>[illegible] | [signature] 26/4/18 |
| ২৮। | কাজী নজরুল ইসলাম<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | 01713477540<br>knazislam89@yahoo.com | [signature] 26/4/18 |
| ২৯। | | | | |
| ৩০। | | | | |
| ৩১। | | | | |
| ৩২। | | | | |
| ৩৩। | | | | |
| ৩৪। | | | | |
| ৩৫। | | | | |
| ৩৬। | | | | |
| ৩৭। | | | | |
| ৩৮। | | | | |
| ৩৯। | | | | |